গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়: আগামী ২৯ মে হতে ০২ জুন, ২০২৪ তারিখ **International Maritime Organization (IMO)** সেক্রেটারি জেনারেলের বাংলাদেশ সফর সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রস্তুতিমূলক আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ মোস্তফা কামাল**<br>**সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়** |
| তারিখ | : | ২২/০৪/২০২৪ খ্রি. |
| সময় | : | **সকাল ১১.০০ ঘটিকা** |
| স্থান | : | **মন্ত্রণালয়ের সভাকক্ষ** |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট 'ক'** |
| সফরসূচি | : | পরিশিষ্ট 'খ' |

মন্ত্রণালয়ের সভাকক্ষে এবং ভার্চুয়াল প্লাটফর্মে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় জানানো হয়, বাংলাদেশ গত ডিসেম্বরে International Maritime Organization (IMO) এর 'C' ক্যাটাগরির নির্বাচনে জয় লাভ করেছে। IMO-এর সদস্য রাষ্ট্র হিসেবে বাংলাদেশ নিরাপদ সমুদ্রযাত্রা ও সমুদ্র দূষণ কমানোর লক্ষ্যে কাজ করছে। নবনির্বাচিত IMO-এর সেক্রেটারি জেনারেলের এটি প্রথম সফর বাংলাদেশ। বিশ্বে IMO সেক্রেটারি জেনারেলের পদমর্যাদা (Position) UN সেক্রেটারি জেনারেলের পর ২য় অবস্থানে। IMO-এর সেক্রেটারি জেনারেলের আসন্ন সফর বাংলাদেশের নৌ-সেক্টরের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ। সভার প্রারম্ভে নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-১) জানান, আগামী ২৯ মে হতে ০২ জুন, ২০২৪ তারিখ IMO-এর সেক্রেটারি জেনারেল Mr. Arsenio Dominguez এর বাংলাদেশে আগমন উপলক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক গত ০১/০৪/২০২৪ খ্রিষ্টাব্দে নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তরের সমন্বয়ে একটি প্রাথমিক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুসারে IMO-এর সেক্রেটারি জেনারেলের সম্ভাব্য সফরসূচি ও কর্মপরিকল্পনা চূড়ান্তকরণসহ অন্যান্য বিষয়ে আলোচনাক্রমে প্রস্তুতি গ্রহণ প্রয়োজন। অতঃপর IMO সেক্রেটারি জেনারেলের বাংলাদেশ সফর উপলক্ষ্যে সম্ভাব্য সফরসূচি উপস্থাপনার জন্য মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তরকে অনুরোধ জানানো হবে। তিনি বাংলাদেশ সরকারের আমন্ত্রণে IMO-এর সেক্রেটারি জেনারেলের সফরের সময় নৌপরিবহন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক গৃহীতব্য কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি নৌপরিবহন অধিদপ্তরের ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার প্রকৌশলী ওবায়েদ ইবনে বশিরকে IMO-এর সেক্রেটারি জেনারেলের বাংলাদেশ সফর উপলক্ষ্যে প্রস্তাবিত সফরসূচি ও কর্মপরিকল্পনার বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনার জন্য অনুরোধ জানান।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | বাংলাদেশে IMO সেক্রেটারি জেনারেল Mr. Arsenio Dominguez এর সফর কর্মসূচি উপলক্ষে রাষ্ট্রাচার মোতাবেক প্রয়োজনীয় প্রটোকল, সংবর্ধনা, সাক্ষাৎ (Call on) আলোচনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় |
| ২ | IMO সেক্রেটারি জেনারেলকে বিমান বন্দরে অভ্যর্থনা ও বিদায় জানাতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর |
| ৩ | সেক্রেটারি জেনারেলের ২৯ মে, ২০২৪ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে আগমন এবং ০২ জুন ২০২৪ তারিখে প্রত্যাবর্তনকালে বিমান বন্দরের ১ নম্বর ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও, সেক্রেটারি জেনারেলের চট্টগ্রাম সফরকালে হযরত শাহজালাল বিমান বন্দরে (অভ্যন্তরীণ) এবং শাহ আমানত বিমান বন্দরে (অভ্যন্তরীণ) ভিআইপি লাউঞ্জ ব্যবহারের ব্যবস্থা করতে হবে। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,<br>বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ,<br>নৌপরিবহন মন্ত্রণালয় |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| ৪ | IMO সেক্রেটারি জেনারেলের সর্বোচ্চ নিরাপত্তা রক্ষায় পুলিশ ও র‍্যাবের সমন্বয়ে চলাচল নিরাপদ করার জন্য এসকর্ট এর ব্যবস্থা গ্রহণ করতে হবে | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মহাপরিচালক, র‍্যাব, পুলিশ কমিশনার, মহাপরিচালক, কোস্ট গার্ড, ডিএমপি, পুলিশ কমিশনার, সিএমপি |
| ৫ | সেক্রেটারি জেনারেলের ভ্রমণকালে সার্বক্ষণিক একটি এ্যাম্বুলেন্সের ব্যবস্থা ও একজন অভিজ্ঞ ডাক্তার নিয়োগ করতে হবে। তাঁর সফরকালে BSMMU তে একটি ভিআইপি কক্ষ সংরক্ষণ রাখার ব্যবস্থা করতে হবে। | স্বাস্থ্য মন্ত্রণালয়,<br>ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়<br>সিভিল সার্জন, ঢাকা<br>সিভিল সার্জন, চট্টগ্রাম |
| ৬ | IMO সেক্রেটারি জেনারেলের যাতায়াত নির্বিঘ্ন করার জন্য সেনানিবাস এলাকা ব্যবহারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমর্ড ফোর্সেস ডিভিশনকে পত্র প্রেরণ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৭ | IMO সেক্রেটারি জেনারেলের বাংলাদেশ সফর সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানকে (পররাষ্ট্র মন্ত্রণালয়, এএফডি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়, কোস্ট গার্ড, বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়, ডিএমপি, সিএমপি, কমিশনার, সিভিল এভিয়েশন) পত্র প্রেরণ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয়। |
| ৮ | IMO সেক্রেটারি জেনারেল এবং তাঁর সফরসঙ্গী কর্মকর্তাকে নৌপরিবহন অধিদপ্তর হতে উপহার সামগ্রী প্রদান করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর |
| ৯ | মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর IMO সেক্রেটারি জেনারেলের বাংলাদেশে সফর সংক্রান্ত বিষয়ে ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। | নৌপরিবহন অধিদপ্তর |
| ১০ | লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসে নিযুক্ত কাউন্সিলর (মেরিটাইম অ্যাফেয়ার্স) কমান্ড্যান্ট কাজী এ.বি. এম শামীম IMO সেক্রেটারি জেনারেল এঁর সফরকালে সংযুক্ত কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক দায়িত্ব পালন করবেন। নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক নিযুক্ত একজন কর্মকর্তা বাংলাদেশে উক্ত কর্মসূচির লিঁয়াজো অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন। | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর |
| ১১ | IMO সেক্রেটারি জেনারেল তাঁর সফরকালীন সময়ে ধানমন্ডিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করবেন। এজন্য কিউরেটর, পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর বরাবর পত্র প্রেরণ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর |
| ১২ | তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন। সে আলোকে সৌজন্য সাক্ষাতের জন্য যেকোনো সুবিধাজনক সময় নির্ধারণের জন্য দুটি পৃথক সারসংক্ষেপ প্রেরণ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর |
| ১৩ | পাঁচ তারকা হোটেলে যেকোনো সুবিধাজনক সময়ে মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, মাননীয় শিল্প মন্ত্রী এবং মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে IMO সেক্রেটারি জেনারেলের সমন্বিত সৌজন্য সাক্ষাৎ আয়োজন করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর |
| ১৪ | খুলনা শিপইয়ার্ডে নতুন জাহাজ নির্মাণ কার্যক্রম এবং চট্টগ্রাম বন্দরের কার্যক্রম পরিদর্শন ও ব্রিফিংয়ের আয়োজন। | নৌপরিবহন অধিদপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ |
| ১৫ | চট্টগ্রামে একটি compliance শিপ রিসাইক্লিং ইয়ার্ড (PHP) এবং একটি non- compliance শিপ রিসাইক্লিং ইয়ার্ড (HKC) পরিদর্শন ও একটি ব্রিফিং সেশনের আয়োজন করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর |

| | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১৬ | বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম, মেরিন ফিশারিজ একাডেমি ও ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট এর ক্যাডেটগণের সমন্বিত কুচকাওয়াজ বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে। এছাড়াও এখানে বাংলাদেশের মেরিটাইম শিক্ষা ব্যবস্থার উপর একটি ব্রিফিং/উপস্থাপনা করতে হবে। | মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, মেরিন ফিশারিজ একাডেমি, বাংলাদেশ মেরিন একাডেমি, ও ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট |
| ১৭ | 'বাংলাদেশের নাবিকদের চ্যালেঞ্জ ও সম্ভাবনা' বিষয়ে প্যানেল আলোচনা সভার আয়োজন করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর |
| ১৮ | নৌপরিবহন অধিদপ্তরের প্রস্তাবিত সফরসূচির উপর সভায় আলোচনা ও মতামতের ভিত্তিতে IMO সেক্রেটারি জেনারেলের বাংলাদেশ সফরের সম্ভাব্য সফরসূচি বাংলায় ও ইংরেজিতে প্রস্তুত করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর |
| ১৯ | IMO সেক্রেটারি জেনারেলের বাংলাদেশ সফরের সম্ভাব্য সফরসূচিসহ একটি আনুষ্ঠানিক আমন্ত্রণ পত্র পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর |
| ২০ | প্যানেল আলোচনা এবং বিভিন্ন দপ্তর/সংস্থায় ব্রিফিং-এ উপস্থাপনার পাওয়ার পয়েন্ট এর অনুমোদন গ্রহণ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর |
| ২১ | নৌপরিবহন অধিদপ্তর ঢাকাস্থ পাঁচ তাঁরকা হোটেলে গণ্যমান্য ব্যক্তিদের তালিকা প্রস্তুত করে দাওয়াত কার্ড বিতরণসহ সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজের আয়োজন করবে। | নৌপরিবহন অধিদপ্তর |
| ২২ | IMO সেক্রেটারি জেনারেলের বাংলাদেশ সফরের বিভিন্ন কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ ও আয়োজন এবং সফরসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য গঠিত কমিটির পাশাপাশি প্রয়োজনীয় উপকমিটি গঠন করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর |
| ২৩ | IMO সেক্রেটারি জেনারেলের সাথে সাক্ষাতকারী কর্মকর্তাদের ছবিসহ একটি তালিকা নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রেরণ করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর |
| ২৪ | IMO সেক্রেটারি জেনারেলের আগমন উপলক্ষ্যে যাবতীয় আর্থিক ব্যয়-ভার নৌপরিবহন অধিদপ্তরের বাজেট হতে বহন করা হবে। | নৌপরিবহন অধিদপ্তর |
| ২৫ | IMO সেক্রেটারি জেনারেলের বাংলাদেশে সফরকালে বিভিন্ন পরিদর্শন স্থানে গৃহীত কার্যক্রম ও করণীয় সম্পর্কিত একটি প্রতিবেদন নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রেরণ করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর |
| ২৬ | IMO সেক্রেটারি জেনারেলের আগমন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ফলোআপ সভার আয়োজন করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৫-০৪-২০২৪
(মোঃ মোস্তফা কামাল)
সিনিয়র সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০২৪.২৪.০০১.২৪- ৭৮ তারিখ: ২৮-০৪-২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), সেগুনবাগিচা, ঢাকা
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৩। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা
৪। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৫। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম

৬। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট
৭। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, পটুয়াখালী
৮। অতিরিক্ত সচিব (সংস্থা-১/প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
৯। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
১০। যুগ্মসচিব (জাহাজ/আইও), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
১১। উপসচিব (বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা
১৫। প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম
১৬। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম
১৭। চিফ নটিক্যাল সার্ভেয়ার (চ.দা.), নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
১৮। চিফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌপরিবহন অধিদপ্তর; আগারগাঁও, ঢাকা
১৯। কাউন্সেলর (মেরিটাইম এফেয়ার্স), লন্ডন, যুক্তরাজ্য
২০। ক্যাপ্টেন কাজী মুহাম্মদ আহসান, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর; আগারগাঁও, ঢাকা
২১। জনাব মোহাম্মদ ওবায়েদ উল্লাহ ইবনে বশির, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২২। জনাব মোঃ আবুল বাসার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী সদয় অবগতির জন্য)
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরনীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

২৮.০৮.২৪

সৈয়দ আলী আহসান
উপসচিব
ফোন:২২৩৩৮০৭৮৬